# যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ৩৯১

১/ বিবিধ

আরবী

هذه يد لا تمسها النار

ضعيف

أخرجه الخطيب (7 / 432) من طريق محمد بن تميم الفريابي بسنده عن الحسن، عن أنس بن مالك قال: أقبل رسول الله صلى الله عليه وسلم من غزوة تبوك فاستقبله سعد بن معاذ الأنصاري، فصافحه النبي صلى الله عليه وسلم ثم قال له: " ما هذا الذي أكفت (!) (1) يداك؟
" فقال: يا رسول الله أضرب بالمر والمسحاة في نفقة عيالي، قال: فقبل النبي صلى الله عليه وسلم يده وقال ... " فذكره
قال الخطيب: هذا الحديث باطل لأن سعد بن معاذ لم يكن حيا في وقت غزوة تبوك، وكان موته بعد غزوة بني قريظة من السهم الذي رمي به، ومحمد بن تميم الفريابي كذاب يضع الحديث
قلت: جرى الخطيب على أن سعدا هذا هو ابن معاذ سيد الأوس الصحابي المشهور، وخالفه الحافظ ابن حجر فجزم في " الإصابة " بأنه آخر، ثم ذكر أن الحديث رواه الخطيب في " المتفق " بإسناد واه، وأبو موسى في " الذيل " بإسناد مجهول عن الحسن به
والحديث أورده ابن الجوزي في " الموضوعات " (2 / 251) معتمدا على قول الخطيب السابق، وتعقبه السيوطي في " اللآليء " (2 / 154) بكلام الحافظ ابن حجر،

وقد ذكرت خلاصته آنفا، والله أعلم
قال الشيخ عبد الحي الكتاني في " التراتيب الإدارية " (2 / 42 ـ 43) بعد ما نقل كلام الحافظ
قلت: في هذه القصة عجيبة، وهي تقبيل النبي صلى الله عليه وسلم يد صحابي لأجل ضربه الأرض بالفاس
قلت: لكن يقال: أثبت العرش ثم انقش، فإن القصة غير ثابتة كما علمت

বাংলা

৩৯১। এ হাতকে আগুন স্পর্শ করবে না। (সাদ ইবনু আবূ মুয়ায আনসারীর হাতকে চুমু খেয়ে রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম উক্ত কথাটি বলেন)

হাদীসটি দুর্বল।

এটি খাতীব বাগদাদী (৭/৩৪২) মুহাম্মাদ ইবনু তামীম আল-ফিরইয়াবী সূত্রে হাসান হতে ... বর্ণনা করেছেন। (এটি তাবুক যুদ্ধের ঘটনার সাথে সম্পৃক্ত)। আল-খাতীব বলেনঃ এ হাদীসটি বাতিল। কারণ সা’দ ইবনু মুয়ায তাবূক যুদ্ধের সময় জীবিত ছিলেন না। তিনি বানু কুরাইযার যুদ্ধের পর মারা যান। মুহাম্মাদ ইবনু তামীম আল-ফিরইয়াবী হচ্ছেন মিথ্যুক, তিনি হাদিস জালকারী।

আমি (আলবানী) বলছিঃ আল-খাতীব বলেছেন, সা’দ হচ্ছেন ইবনু মুয়ায, আওস গোত্রের সর্দার বিশিষ্ট সাহাবী। ইবনু হাজার তার বিরোধিতা করে "আল-ইসাবার" মধ্যে বলেছেনঃ তিনি অন্য কেউ। অতঃপর বলেছেনঃ হাদীসটি আল-খাতীব “আল-মুত্তাফাক” গ্রন্থে দুর্বল সনদে এবং আবু মূসা “আয-যায়ল” গ্রন্থে হাসান হতে মাজহুল সনদে বর্ণনা করেছেন।

ইবনুল জাওয়ী হাদীসটি “আল-মাওযু’আত” গ্রন্থে (২/২৫১) খাতীব বাগদাদীর কথার উপর নির্ভর করে উল্লেখ করেছেন। সুয়ূতী “আল-লাআলী” গ্রন্থে (২/১৫৪) ইবনু হাজারের বক্তব্য উল্লেখ করে তার সমালোচনা করেছেন।

আব্দুল হাই কাত্তানী “তারাতীবুল ইদারিয়া” গ্রন্থে (২/৪২-৪৩) বলেছেনঃ ঘটনাটি আশ্চর্যজনক, রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম একজন সাহাবীর হাতে চুমু দিয়েছেন...।

যে ঘটনা সাব্যস্তই হয়নি, সে ঘটনায় আশ্চর্য হবার কিছু নেই।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=67976

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন